



## প্রেস বিজ্ঞপ্তি

### বরিশাল বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থীদের জন্য ২টি কম্পিউটার ল্যাব উদ্বোধন

বরিশাল বিশ্ববিদ্যালয়, ০৪ অক্টোবর ২০২৩।

বরিশাল বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থীদের জন্য ২টি কম্পিউটার ল্যাব উদ্বোধন করা হয়েছে। প্রশাসনিক ভবন ১এর ৩য় তলায় বিজনেস স্টাডিজ ও আইন অনুষদের জন্য ১টি এবং সামাজিক বিজ্ঞান ও কলা ও মানবিক অনুষদের জন্য নিচ তলায় ১টি ল্যাব উদ্বোধন করা হয়। ৪ অক্টোবর দুপুর সাড়ে ১২টায় ফিতা কেটে ল্যাব ২টির আনুষ্ঠানিক উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। এসময় উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ড্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া। অন্যান্যদের মধ্যে আরও উপস্থিত ছিলেন ৪টি অনুষদের ডিন, রেজিস্ট্রার, চেয়ারম্যানবৃন্দ, শিক্ষক সমিতির সভাপতি, প্রক্টর, প্রভোস্ট, ছাত্র পরামর্শ ও নির্দেশনা কেন্দ্রের পরিচালক, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ  
উপ-পরিচালক (চ.দা.)